বাফুফে প্রেসিডেন্টের বিবৃতি - অক্টোবর, ২০১৮

সবাইকে শুভেচ্ছা জানিয়ে অক্টোবর ২০১৮ এর ব্রিফিং শুরু করছি।

সাফ ফাইনালে অ-১৫ ছেলেরা

সাফ অনূর্ধ্ব-১৫ চ্যাম্পিয়নশিপের ফাইনালে উঠে গেছে বাংলাদেশ অ-১৫ জাতীয় দল।

সেমিফাইনালে ভারতকে পেনাল্টি শুটআউটে ৪-২ গোলে পরাজিত করে ফাইনালে জায়গা করে নেয় বাংলাদেশ।

এর আগে প্রতিপক্ষ মালদ্বীপ এবং নেপালকে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হিসেবে সাফ অ-১৫ চ্যাম্পিয়নশীপ ২০১৮'র সেমিফাইনালে জায়গা করে নেয় বাংলাদেশ অ-১৫ জাতীয় দল।

মালদ্বীপের বিপক্ষে ৯-০ এর বিশাল জয়ের পর মাত্র ১০ জনের দল নিয়েও স্বাগতিক নেপালকে ২-১ এ পরাজিত করে ছেলেরা।

আমি বিশ্বাস করি, এমন সাহসিকতার প্রতিদান তারা সাফ ট্রফিটি হাতে উঁচিয়ে ধরেই উদযাপন করবে।

অপরাজিত সাফ চ্যাম্পিয়ন অ-১৮ মেয়েরা

নেপালকে ১-০ তে হারিয়ে সর্বপ্রথম সাফ অ-১৮ মহিলা চ্যাম্পিয়নশীপ জিতে নিয়েছে বাংলাদেশ।

এই টুর্নামেন্টে যে চারটি ম্যাচ তারা খেলেছে তাতে তারা মোট ২৪টি গোল করেছে এবং হজম করেছে মাত্র ১টি

প্রথম গ্রুপ ম্যাচে বাংলার মেয়েরা পাকিস্তানকে ১৭-০ তে পরাজিত করে এবং পরবর্তীতে নেপালকে ২-০ গোলে পরাজিত করে।

সেমিফাইনালে বাংলাদেশ ভূটানকে হারায় ৪-০ গোলে এবং ফাইনালে একমাত্র গোলের মাধ্যমে আমাদের মেয়েরা জিতে নেয় চ্যাম্পিয়নশিপ।

দলটি নিজেদের উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে এবং বাফুফে তাদের সব ধরণের সুযোগ-সুবিধা প্রদানে প্রতিজ্ঞাবদ্ধ।

এএফসি কোয়ালিফায়ারে অ-১৯ মেয়েদের প্রথম জয়

বাংলাদেশ অ-১৯ মহিলা জাতীয় দল স্বাগতিক তাজিকিস্তানকে ৫-১ এ হারিয়ে এএফসি কোয়ালিফায়ারে প্রথম জয়ের স্বাদ পায়।

এএফসি অ-১৯ উইমেন্স চ্যাম্পিয়নশিপ ২০১৯ এর কোয়ালিফাইং রাউন্ডের গ্রুপ ডিতে খেলে বাংলাদেশ, এশিয়ান ফুটবলের পাওয়ারহাউজ দক্ষিণ কোরিয়া, চাইনিজ তাইপে ও তাজিকিস্তান।

পরাজয় স্বত্বেও দক্ষিণ কোরিয়ার সাথে প্রথম ম্যাচে দলটি কিছু গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা অর্জন করে। চাইনিজ তাইপের বিরুদ্ধে দারুণ লড়াইয়ের পরও দূর্ভাগ্যবশত ২-০ তে পরাজিত হতে হয়। তবে অন্তত একটি জয়ের লক্ষ্যে তাজিকিস্তানের বিরুদ্ধে তারা সর্বোচ্চ দিয়ে চেষ্টা করে এবং ৫-১ এর বিশাল ব্যবধানে স্বাগতিক দেশকে হারিয়ে জয়ী হয়।

দলটি বর্তমানে ঢাকায় ফিরেছে এবং বাফুফে'র এলিট উইমেন্স রেসিডেন্সি ক্যাম্পে পুনরায় ট্রেনিং শুরু করেছে।

ফেডারেশন কাপ

চট্টগ্রাম আবাহনী লিমিটেড এবং রহমতগঞ্জ এমএফএস এর খেলার মাধ্যমে গত ২৭ অক্টোবর মৌসুমের উদ্বোধনী টুর্নামেন্ট ফেডারেশন কাপের খেলা শুরু হয়।

এই কাপ টুর্নামেন্টটিতে আসন্ন বিপিএলের তেরোটি দলই অংশগ্রহণ করছে। তিনটি করে দল নিয়ে দলগুলোকে মোট তিনটি গ্রুপে ভাগ করা হয়েছে। শুধুমাত্র গ্রুপ ডি তে দল রয়েছে চারটি।

প্রথমত, দলগুলি নিজেদের দলের মধ্যে রাউন্ড রবিন ফরম্যাটে খেলবে এবং পরবর্তীতে কোয়ার্টার ফাইনাল, সেমিফাইনাল এবং অবশেষে ফাইনাল খেলাটি হবে নভেম্বরের ২৪ তারিখ। চ্যাম্পিয়ন দলের প্রাইজমানি ৫ লাখ টাকা এবং রানার্স-আপ দলের ৩ লাখ।

সবগুলো দলের জন্য রইলো শুভকামনা।

আগ্রহী দর্শক ও ভক্তরা ফেডারেশন কাপ টুর্নামেন্টটি বাফুফে'র ওয়েবসাইট অথবা প্রাইভেট টেলিভিশন চ্যানেল 'চ্যানেল নাইন' এর মাধ্যমে উপভোগ করতে পারবেন

বাফুফে এএফসি বি সার্টিফিকেট কোচিং কোর্সের প্রথম পর্ব

সি সার্টিফিকেটধারী কোচদের দক্ষতা পরবর্তী ধাপে উন্নত করার লক্ষ্যে ১০ই অক্টোবর শুরু হয় বাংলাদেশ ফুটবল ফেডারেশন আয়োজিত দ্বিতীয় এএফসি বি সার্টিফিকেট কোচিং কোর্স।

সারাদেশের মোট ২৪ জন কোচ এই কোর্সে অংশগ্রহণ করেন।

ন্যাশনাল টেকনিক্যাল অ্যান্ড স্ট্র্যাটেজিক ডিরেক্টর পল থমাস স্মলি এই কোর্স সমন্বয় ও ট্রেনিং এর প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন। এএফসি প্রস্তাবিত একটি নতুন 'কোচিং কনভেনশন'কে ঘিরে এই কোর্সের নকশা করা হয়েছে।

দুই পর্বের এই কোর্সটির প্রথম পর্ব অক্টোবরের ১৯ তারিখ শেষ হয়।

কোর্সটির উভয় পর্ব শেষ হওয়ার পরে প্রার্থীরা একটি মূল্যায়নের মধ্য দিয়ে যাবেন এবং তদনুসারে তাদের সার্টিফিকেট প্রদান করা হবে।

প্রধানমন্ত্রী স্বাগত জানালেন অ-১৬ মেয়েদের

১১ই অক্টোবর প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সরকারি বাসভবন গণভবনে বাংলাদেশ অ-১৬ জাতীয় মহিলা দলের সদস্যদের মহাসমারোহে স্বাগত জানান।

অ-১৬ দলের মেয়েরা কিছুদিন আগে অনুষ্ঠিত হওয়া এএফসি অ-১৬ মহিলা চ্যাম্পিয়নশিপ ২০১৯ এর প্রাথমিক কোয়ালিফাইং রাউন্ডে অপরাজিত হয়ে দ্বিতীয় কোয়ালিফায়ার রাউন্ডে উন্নীত হয়েছে।

১৫-২৩ সেপ্টেম্বর পর্যন্ত বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, ভিয়েতনাম এবং লেবাননকে একের পর এক পরাজিত করে লাল-সবুজের মেয়েরা অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিজয়ী দলের প্রত্যেককে ১০ লাখ টাকার চেক ও এর সাথে দলের কর্মকর্তাদের পাঁচ লাখ টাকার চেক প্রদান করেন।

অ-১৮ মহিলা দলের সংবর্ধনা

২৮শে অক্টোবর থেকে ৭ই অক্টোবর পর্যন্ত ভূটানে অনুষ্ঠিত হওয়া সর্বপ্রথম সাফ অ-১৮ উইমেন্স চ্যাম্পিয়নশিপে অপরাজেয় চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ।

বিজয়ী দলের খেলোয়াড়দের অভিনন্দন জানানোর উদ্দ্যেশ্যে দলটির স্পন্সর ওয়ালটন গ্রুপ ১৪ই অক্টোবর বাফুফে ভবনে এক বিরাট অনুষ্ঠানের আয়োজন করে।

ওয়ালটন গ্রুপের পক্ষ থেকে প্রত্যেক খেলোয়াড়কে রেফ্রিজারেটর ও দলটির প্রত্যেক কর্মকর্তাকে একটি করে স্মার্টফোন প্রদান করা হয়।

বঙ্গবন্ধু গোল্ড কাপ ২০১৮ এর সেমিতে বাংলাদেশ

ফিলিস্তিনের বিপক্ষে সেমিফাইনালে দুর্ভাগ্যজনক পরাজয়ের মাধ্যমে বঙ্গবন্ধু গোল্ড কাপ ২০১৮ থেকে বিদায় নেয় বাংলাদেশ।

লাল সবুজের ছেলেরা তিনটি ম্যাচেই অনেক ভালো খেললেও চূড়ান্ত বিজয়ী দল ফিলিস্তিন বাংলাদেশের অনভিজ্ঞ নতুন দলটির তুলনায় অনেক বেশি শক্তিশালী ছিলো।

ফাইনাল ম্যাচ 0-0 তে শেষ হলেও পেনাল্টিতে তাজিকিস্তানকে ৪-৩ এ হারিয়ে ফিলিস্তিন জিতে নেয় বঙ্গবন্ধু গোল্ড কাপ ২০১৮ এর ট্রফি।

সুবিধাবঞ্চিত ও রোহিঙ্গা শিশুদের সাহায্যে হাত বাড়িয়ে দিলো বাফুফে ও এএফসি

এশিয়ান ফুটবল কনফেডারেশনের সমাজকল্যাণ বিভাগ ড্রিম এশিয়া ফাউন্ডেশনের একটি প্রতিনিধি দল ১৭ই অক্টোবর তাদের তিন দিনব্যাপী বাংলাদেশ সফর শেষ করেন।

তিন সদস্য বিশিষ্ট এই প্রতিনিধি দলে ছিলেন এএফসি প্রেসিডেন্টের উপদেষ্টা ডেভিড মাইকেল বোরহা, কোচেস এক্রোস কন্টিনেন্টস এর চিফ এক্সিকিউটিভ স্ট্রাটেজিস্ট ব্রায়ান সাস্কিউইজ; এবং এএফসি কন্সালট্যান্ট অদিতি তেয়াগী।

ঢাকার রায়েরবাজার বস্তি ও কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্প সফর শেষে মতিঝিলের বাফুফে ভবনে আমার সাথে সফরে আসা এএফসি কর্মকর্তাদের একটি বৈঠক অনুষ্ঠিত হয়; যেখানে আসন্ন সামাজিক কার্যক্রমগুলোকে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে পর্যালোচনা করা হয়।

ঢাকার বিভিন্ন বস্তি ও কক্সবাজারের রোহিঙ্গা শরণার্থী শিবিরের সুবিধাবঞ্চিত শিশুদের নিয়ে কাজ করার উদ্দ্যেশ্যে হাত মিলিয়েছে বাফুফে ও এএফসি।

শরণার্থী শিবির ও বস্তির শিশুদের ফুটবল খেলা কিংবা ভালো সময় কাটানোর তেমন কোন সুযোগ নেই। আমরা তাদের কে ফুটবল সহ অন্যান্য সরঞ্জাম সরবরাহ করতে পারি, এবং ফুটবলের সামাজিক শক্তির সদ্ব্যব্যাবহার করতে পারি।

আমাদের পক্ষ থেকে সম্পূর্ণ সাহায্য ও সমর্থনের আশ্বাস পেয়ে এএফসি প্রতিনিধিদল অত্যন্ত খুশি হয়

এএফসি খুব শীঘ্রই পাইলট প্রোজেক্টের উদ্দ্যেশ্যে একটি সুষ্ঠু পরিকল্পনা নিয়ে তৈরী করবে, এবং এর ধারাবাহিকতায় পরবর্তীতে একটি ছয় মাসব্যাপী অ্যাকশন প্ল্যানের কাজ শুরু হবে।